# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 30 April, 2025

'২২৬টি মামলা হয়েছে, ২২৬ জনকে হত্যার লাইসেন্স পেয়েছি' সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাইরাল হওয়া এমন অডিও বক্তব্যের ফরেনসিক প্রমাণ পেয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা।

বুধবার (৩০ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা সাংবাদিকদের এ তথ্য জানিয়েছে।

এদিকে ট্রাইব্যুনালের বিচারকাজ বাধাগ্রস্ত করা এবং হুমকি দেয়ার অভিযোগে শেখ হাসিনার বিরুদ্ধে কেন ব্যবস্থা নেয়া হবে না সে বিষয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল রুল জারি করেছেন।

এদিন জুলাই আগস্টের আন্দোলনে নারায়ণগঞ্জে হত্যার ঘটনায় শামীম ওসমানের ছেলে অয়ন ওসমানসহ ৮ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

এদিকে আশুলিয়ায় লাশ পোড়ানোর আগে গুলি করে হত্যার ঘটনায় দুই পুলিশ কর্মকর্তাকে হাজির করার নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়া স্বামীর অসুস্থতায় প্যারোলে মুক্তি চেয়ে দীপু মনির আবেদনের শুনানি হয়। পরে আবেদন নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যেতে বলেন ট্রাইব্যুনাল।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:13

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/7758071649